



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর
গাজীপুর।

Website :- www.nubd.info/201

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স-১ম বর্ষ/২০১২/৩৭৭০

তারিখ : ১৪ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ
২৯ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

(অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১২ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষা সেপ্টেম্বর-২০১৩ মাসে অনুষ্ঠিত হবে। এ পরীক্ষার শুধুমাত্র অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online-এ নিম্ন বর্ণিত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করা হবে। পরীক্ষার ফি, আবেদন/বিবরণী ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নরূপ :

ক্রঃ নং	অনিয়মিত পরীক্ষার্থীদের ফি-এর বিবরণ	টাকা	আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণ শুরু তারিখ	আবেদন ফরম ও বিবরণী ফরম পূরণের শেষ তারিখ	ব্যাংক ড্রাফট-এর শেষ তারিখ	বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট জমাদানের শেষ তারিখ
০১.	বাংলা, ইংরেজী, আরবী, ইতিহাস, ইস-ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, সংস্কৃত এবং নৃ-বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থী	৯৫০/-	৩১/০৭/২০১৩ বুধবার	২১/০৮/২০১৩ বুধবার	২২/০৮/২০১৩ বৃহস্পতিবার	২৫/০৮/২০১৩ রবিবার
০২.	গার্হস্থ্য অর্থনীতি বিষয়ের শিক্ষার্থী	১,১০০/-				
০৩.	রসায়ন, পরিবেশ বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থী	১,১৫০/-				
০৪.	পদার্থবিদ্যা বিষয়ের শিক্ষার্থী	১,২০০/-				
০৫.	উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, মৃত্তিকাবিজ্ঞান ও গণিত বিষয়ের শিক্ষার্থী	১,২৫০/-				
০৬.	প্রাণ-রসায়ন ও পরিসংখ্যান বিষয়ের শিক্ষার্থী	১,৩০০/-				
০৭.	ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থী	A-১,২৫০/- B-১,২০০/- C- ৯৫০/-				
০৮.	মনোবিজ্ঞান বিষয়ের শিক্ষার্থী	A-১,৪০০/- B-১,১০০/-				
০৯.	মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন প্রতি শিক্ষার্থী ফি	১,০০০/-				
১০.	কেন্দ্র ফি (প্রতি শিক্ষার্থী)	৩০০/-				
১১.	ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি (প্রতি শিক্ষার্থী)	৭৫/-				

১. আবেদন/বিবরণী/ ফি জমাদান ফরম সংগ্রহ ও সিডি জমাদানের নিয়মাবলী :

- ❖ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable list) প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণকৃত অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের বিবরণী/আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line-এ ডাটা এন্ট্রি করতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/কম্পিউটার ইউনিটে যোগাযোগ করে সম্ভাব্য তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।
- ❖ On-line-এ ডাটা এন্ট্রি করার জন্য কলেজ কর্তৃপক্ষ ওয়েব সাইটের কলেজ প্রোফাইলে লগ ইন করে User ID & Password সংগ্রহ করবেন।
- ❖ ডাটা এন্ট্রি কাজে ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশনা অণুসরণ করতে হবে এবং টেকনিক্যাল সাপোর্ট নিতে ই-মেইল : nu201@yahoo.com-এ অথবা ৯২৯১০৩৯ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।
- ❖ ১ম বর্ষ অনার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথা সময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথা সময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।
- ❖ ডাটা এন্ট্রি সম্পন্ন হলে On-line-এ এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের বিবরণী ও ফি বিবরণী ফরম প্রিন্ট করে নিতে হবে। বিষয়ওয়ারী ডাটা এন্ট্রি করার পর কলেজ কর্তৃপক্ষ উক্ত বিবরণী ফরম, প্রিন্টের কপি যাচাই পূর্বক নির্ধারিত স্থানে পরীক্ষার্থীর স্বাক্ষর নিতে হবে।

২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০১০-২০১১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে **Not Promoted** হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী পুনঃভর্তি সাপেক্ষে নিয়মিত পরীক্ষার্থীদের সাথে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১২ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে।

মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ❖ ২০১১ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা কেবল মাত্র “C” এবং “D” গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১০ সালের পরীক্ষায় “F” গ্রেড প্রাপ্ত যে সকল পরীক্ষার্থী ২০১১ সালের পরীক্ষায় অংশ নিয়ে “C” এবং “D” গ্রেড পেয়েছে সে সকল পরীক্ষার্থীও ২০১২ সালের গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ❖ ২০১১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে তারা ২০১২ সালের পরীক্ষায় “F” গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে। এছাড়া ২০১০ সালের পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী “F” গ্রেড পেয়ে ২০১১ সালে পরীক্ষায় অংশ গ্রহণ করে নাই বা অংশ নিয়ে পুনরায় “F” গ্রেড পেয়েছে তারাও ২০১২ সালের পরীক্ষায় “F” গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স- সমূহে অংশগ্রহণ করতে পারবে।

বিঃদ্রঃ- ফরম পূরণ সংক্রান্ত স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স-১ম বর্ষ/২০১২/৩৭২৮, তারিখ : ২৫/০২/২০১৩-এ প্রকাশিত বিজ্ঞপ্তির আনুষঙ্গিক নিয়ম ও অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।



(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।
ফোন : ৯২৯১০১৭

তারিখ : ১৪ শ্রাবণ, ১৪২০ বঙ্গাব্দ
২৯ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ

স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স-১ম বর্ষ/২০১২/৩৭৭০

অনুলিপি, অবগতি ও কার্যার্থে :

- ১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৪। পরিচালক, জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। পরিচালক, কম্পিউটার অ্যান্ড আইসিটি ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (এ বিজ্ঞপ্তি জরুরী ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। পরিচালক, তথ্য, পরামর্শ ও নির্দেশনা ইউনিট, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৭। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরী ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৮। সচিব ও উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ৯। উপ-পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
- ১০। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, গাজীপুর।
- ১১। অফিস কপি।

স্বা:-

(মোঃ শহীদ হাসান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অনার্স-১ম বর্ষ)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোন : ৯২৯১০৩৯
ই-মেইল : nu201@yahoo.com